দৈনিক
জনকণ্ঠ

তারিখ 07 NOV 2017
পৃ ২০ কলাম ২

জঙ্গীবাদে সংশ্লিষ্টতা

# লেকহেড স্কুলের সকল কার্যক্রম বন্ধের নির্দেশ

**স্টাফ রিপোর্টার ॥** জঙ্গীবাদে জড়িত থাকার নানা তথ্য বেরিয়ে পড়ার পর অবশেষে রাজধানীর ধানমণ্ডি ও গুলশানের দুটি শাখাসহ লেকহেড স্কুলের সকল কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের যুগ্ম সচিব সালমা জাহান স্বাক্ষরিত এক চিঠিতে ঢাকা জেলা প্রশাসককে এ নির্দেশনা দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বলা হয়েছে, এই প্রতিষ্ঠানটি সরকারের অনুমোদন নেয়নি। এছাড়াও প্রতিষ্ঠানটিতে ধর্মীয় উগ্রবাদ, উগ্রবাদী সংগঠন সৃষ্টি, জঙ্গী কার্যক্রমের পৃষ্ঠপোষকতাসহ জাতীয় ও স্বাধীনতার চেতনা

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## লেকহেড স্কুলের

(২০-এর পৃষ্ঠার পর)

বিরোধী কর্মকাণ্ডে যুক্ত। জানা গেছে, এই প্রতিষ্ঠানটি মূল উদ্যোক্তা ও পৃষ্ঠপোষক রেজোয়ান হারুন সম্প্রতি লন্ডন থেকে ঢাকায় এসে লাপাত্তা হয়ে যায়। এখন পর্যন্ত তাকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। রেজোয়ানের বিরুদ্ধে জঙ্গীবাদে অর্থায়ন ও মদদের অভিযোগ রয়েছে। তার প্রতিষ্ঠিত স্কুলের আলোচিত অনেক জঙ্গী বিভিন্ন সময়ে শিক্ষকতা করেছেন।

চলতি বছরের ২৩ জানুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রতিবেদনে রেজোওয়ান হারুনকে আইনের আওতায় আনার নির্দেশনা দেয়া হয়। এই স্কুলের গুলশানে আরও দু'টি শাখা রয়েছে। প্রতিষ্ঠাকালীন এই স্কুলের অধ্যক্ষ ছিলেন জেনিফার আহমেদ, যিনি বাংলাদেশে হিযবুত তাহ্‌রীর সংগঠিত করার অন্যতম প্রধান ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গোলাম মাওলার স্ত্রী।